



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিঅ-৬/৩৮১৬/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১১২১৯

তারিখ: ১৬-০৬-২০২২

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ৩১-০৫-২০২২ তারিখের আবেদন (আইডি- ১৬২২১)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার ডুমুরিয়া উপজেলাধীন চুকনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি জনাব প্রহ্লাদ কুমার ব্রহ্ম-এর বিরুদ্ধে জনাব সরদার মাসুম বিল্লাহ একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

১৬-০৬-২০২২

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

02477762705

জেলা শিক্ষা অফিসার  
খুলনা।

সংযুক্তি: অভিযোগের ছায়াছবি

নথি নং-বিঅ-৬/৩৮১৬/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১১২১৯ (৬)

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

তারিখ: ১৬-০৬-২০২২

- ১। জেলা প্রশাসক, খুলনা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ডুমুরিয়া, খুলনা।
- ৪। প্রধান শিক্ষক, চুকনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, চুকনগর, ডুমুরিয়া, খুলনা।
- ৫। অভিযোগকারী, জনাব সরদার মাসুম বিল্লাহ (০১৭১৬-৯৫১২৬২) চুকনগর, ডুমুরিয়া, খুলনা।
- ৬। অফিস নথি।

১৬-০৬-২০২২

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

02477762705

বরাবর,

বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষাবোর্ড  
যশোর।

বিষয়: খুলনা জেলার ডুমুরিয়া উপজেলার চুকনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি প্রহ্লাদ ব্রহ্মর বিরুদ্ধে অভিযোগ।

জনাব,

যথা বিহীত সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি সরদার মাসুম বিল্লাহ, পিতা-মৃত: সরদার মোশাররফ হোসেন, গ্রাম-পোষ্ট চুকনগর, উপজেলা- ডুমুরিয়া, জেলা-খুলনা। আমি চুকনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের একজন সাধারণ অভিভাবক। আপনার সদয় অবগতি এবং প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্যে জানাচ্ছি যে, চুকনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয় (EIN-১১৬৯৬৪) এর ২০২২-২০২৪ মেয়াদে ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে অভিভাবক সদস্য, শিক্ষক প্রতিনিধিসহ অন্যান্য ক্যাটাগরীর সদস্য নির্বাচন সম্পন্ন করে গত ০৫-০৫-২০২২ ইং তারিখে কমিটির সভাপতি নির্বাচন সম্পন্ন করা হয়। এর আগে গত ২৯-০৩-২০২২ইং তারিখে এলাকায় অবস্থিত আটলিয়া মাধ্যমিক বিদ্যালয় (EIN-১১৬৯৯৩) এর নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড যশোর তথা আপনার কর্তৃক কমিটি অনুমোদন দেওয়া হয়েছে।

উল্লেখিত স্কুলদ্বয়ে বিধি বহির্ভূত ভাবে এলাকার প্রভাবশালী প্রহ্লাদ ব্রহ্ম ওরফে প্রহ্লাদ কুমার ব্রহ্ম, পিতা- হরিপদ ব্রহ্ম, গ্রাম-আটলিয়া, উপজেলা-ডুমুরিয়া, জেলা- খুলনা। তার জাতীয় ভোটার নম্বর ৪৭০৮৮৮২৪১৩৭৭ ভোটার এলাকার নাম আটলিয়া, নম্বর-০৮৮৮, চুকনগর, ডুমুরিয়া, খুলনা কে ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচিত করা হয়েছে। কিন্তু নির্বাচিত সভাপতি প্রহ্লাদ ব্রহ্ম বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি প্রবিধান মালা ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর ধারা-২। এর উপ-বিধান (চ) এর (আ), ধারা-১১ এর (খ) এবং (জ) উপ-ধারার শর্তানুযায়ী কমিটির সভাপতি/ সদস্য নির্বাচনের জন্যে/ থাকার জন্যে অযোগ্য ঘোষিত হইতেছেন।

(১) প্রহ্লাদ ব্রহ্ম প্রবিধান মালা এর ধারা ২। এর (চ) এর (আ) ধারা লংঘন করে চুকনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিনতী কুদ্দুর সাথে পরস্পর যোগ সাজসে বিগত এবং বর্তমান নিয়মিত ম্যানেজিং কমিটিতে স্কুলে কোন অর্থ দান না করে বিধি বহির্ভূত ভাবে দাতা শ্রেণির সদস্য অন্তর্ভুক্ত রয়েছেন।

(২) প্রহ্লাদ ব্রহ্ম, উপ-ধারা (খ) এ বর্ণিত শর্তানুযায়ী তিনি বাংলাদেশ এবং ভারতের দ্বৈত নাগরিক গ্রহণ করেছেন। তিনি ভারতের পশ্চিম বাংলা প্রদেশের বাদুড়িয়া এলাকার একজন নাগরিক এবং ভোটার। সেখানে তিনি স্ত্রী, পুত্রসহ পরিবার পরিজন নিয়ে বসবাস এবং নাগরিকত্ব গ্রহণ করে ভোটাধিকার প্রয়োগ করেন। তার ভোটার ক্রমিক নং ৩৭৬, Epic no-XHJ ১০০৭৪৫৯, বাড়ী নং- এন০২৪৫। ভোট কেন্দ্র ঘোষণাপুর এফ, পি স্কুল। (৩) তিনি (জ) উপ-ধারার বিধানের শর্তানুযায়ী তার বিরুদ্ধে রাস্ট্রের ধ্বংসাত্মক কার্য কলাপে লিপ্ত থাকার অপরাধে মামলা রয়েছে। তিনি জেলা পরিষদ, খুলনা এর সার্ভেয়ার হাসান কর্তৃক ডুমুরিয়া থানায় একটি মামলা দায়ের করেন। মামলা নং ২০ তারিখ-১২-০৯-২০২১ইং। ওই মামলায় তার বিরুদ্ধে ডুমুরিয়া থানার অভিযোগ পত্র নং ৪৫, (ধারা -১৪৩/৪৪৭/১৮৬/৫০৬ পেনাল কোড) তারিখ- ২৮-০২-২০২২ ইং। মামলায় তার নামে আদালতে অভিযোগ পত্র গৃহীত হয়েছে। (খ) এছাড়া গত ০৯-০২-২০২২ইং তারিখে হাসান সাহেব কর্তৃক প্রহ্লাদ কুমার ব্রহ্ম বিরুদ্ধে বিজ্ঞ অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, ডুমুরিয়া খুলনা তে আরো একটি ফৌজদারী মামলা দায়ের করেছেন। যার মামলা নং সিআর-৭৮/২২(ডুমুরিয়া)। ধারা -১৪৩/১৪৯/৩২৩/৩৩২/৩৫৩/৫০৬(!!)/৪৪৮ দ: বি:। উল্লেখিত মামলা দুটিতে প্রহ্লাদ ব্রহ্ম প্রায় এক মাস যাবৎ জেল হাজত বাস করে পরবর্তিতে জামিনে মুক্তি নিয়েছেন।

অতএব, মহোদয় অভিযোগটি তদন্ত পূর্বক বাবু প্রহ্লাদ কুমার ব্রহ্মর সভাপতি পদ বাতিলের প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণে আপনার সদয় মর্জি হয়।

তারিখ: ৩১-০৫-২০২২ ইং

বিনীত নিবেদক

সরদার মাসুম বিল্লাহ  
(সরদার মাসুম বিল্লাহ)  
মোবা: ০১৭১৬-৯৫১২৬২

সংযুক্তি:

- (১) বাবু প্রহ্লাদ ব্রহ্ম কে বিধি বহির্ভূত ভাবে দাতা শ্রেণির সদস্য অন্তর্ভুক্তির বিষয়ে ডুমুরিয়া উপজেলা নির্বাহী অফিসারের কাছে দেয়া অভিযোগের কপি।
- (২) বাবু প্রহ্লাদ ব্রহ্মর বাংলাদেশ ও ভারতীয় দ্বৈত নাগরিকত্ব বিষয়ে উভয় দেশের ভোটার তালিকার কপি।